

প্রথম আলো

প্রথম আলো

তারিখ: ৬.২.২ NOV ২০১২
কলাম: ২

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

প্রক্টরিয়াল বডি'র সব সদস্যের পদত্যাগ

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ●

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি'র সব সদস্যই গতকাল বুধবার পদত্যাগ করেছেন। 'ব্যক্তিগত কারণ দেখিয়ে' একজন ভারপ্রাপ্ত প্রক্টর ও তিনজন সহকারী প্রক্টর গতকাল দুপুরে পৃথক পদত্যাগপত্র ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের কাছে জমা দেন।

পদত্যাগকারীর হলেন: ভারপ্রাপ্ত প্রক্টর ও বিজ্ঞানভাগের ব্যবস্থাপনা শিখা বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ অহম্মদ উল্লাহ এবং তিনজন সহকারী প্রক্টর লেন্সপ্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মো. রুহুল ইসলাম শেখ, হিসাববিভাগের সহকারী অধ্যাপক মো. ফেরদৌস হোসেন মজুমদার ও কৃষিবিভাগের প্রকল্পকোষিক অফিসার হক।

জানা গেছে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক শৃঙ্খল ভেঙে

ধরে প্রক্টরিয়াল বডি'র সদস্যরা পদত্যাগপত্র জমা দেন। তবে বিশ্ববিদ্যালয়ের নির্ভরযোগ্য সূত্রে জানায়, বিশ্ববিদ্যালয়ের উচ্চপর্ষদের প্রশাসনিক কর্মকর্তাদের কাছে দীর্ঘদিন ধরে প্রক্টর ও সহকারী প্রক্টরদের মতামত যথাযথভাবে গুরুত্ব পাচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের কল্যাণে প্রক্টরিয়াল বডি যে সিদ্ধান্ত নেয়, প্রশাসন তার বিপরীত সিদ্ধান্ত নেয়। এ অবস্থায় বিশ্ববিদ্যালয়ে বিশৃঙ্খল পরিবেশের সৃষ্টি হয়। প্রশাসনকে বিষয়টি বোঝাতে ব্যর্থ হয়ে তারা পদত্যাগের সিদ্ধান্ত নেন। মূলত উপাচার্যের একনায়কতান্ত্রিক মনোভাব ও বৈষম্যভিত্তিক নানা সিদ্ধান্তের কারণে প্রক্টরিয়াল বডি পদত্যাগ করে। সহকারী প্রক্টর মোহাম্মদ আইনুল হক বলেন,

'ব্যক্তিগত কারণ দেখিয়ে আমরা পদত্যাগ করেছি।'

যোগাযোগ করলে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোহাম্মদ জেহিউল ইসলাম গতকাল বুধবার সন্ধ্যায় মুঠোফোনে প্রথম আলোকে বলেন, প্রক্টরিয়াল বডি'র সব সদস্য পদত্যাগ করেছেন। অন্য ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন। বিষয়টি উপাচার্যকে সঙ্গে সঙ্গে জানানো হয়েছে।

জানাতে চাইলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমির হোসেন খান গতকাল বুধবার রাত আটটার মুঠোফোনে প্রথম আলোকে বলেন, 'প্রক্টরিয়াল বডি পদত্যাগ করেছে কি না, আমি জানি না।' প্রক্টরিয়াল বডি ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার তে বিষয়টি নিশ্চিত করেছেন—এ প্রসঙ্গে উপাচার্য কোনো মন্তব্য করেননি।